বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY



ওপেন স্কুল

এসএসসি প্রোগ্রামে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়- এর ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় ২০২৭-২০২৮ শিক্ষাবর্ষে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ:

অনলাইনে ভর্তি এবং আবেদনের তারিখ : ০৮ অক্টোবর ২০২৬ থেকে ০৪ মার্চ ২০২৭
অষ্টম শ্রেণি বা সমমানের সনদবিহীন ভর্তিচ্ছুদের ভর্তি পরীক্ষা : ০৩ এপ্রিল ২০২৭, শনিবার
ওরিয়েন্টেশন ও টিউটোরিয়াল ক্লাস : ১৫ মে ২০২৭

ভর্তির যোগ্যতা

জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় পাস/উত্তীর্ণ হতে হবে।

অথবা

যেসব শিক্ষার্থীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের সনদপত্র নেই তারাও ভর্তির জন্য আবেদন করতে পারবেন, এক্ষেত্রে বয়স হতে হবে ন্যূনতম ১৪ বছর (০১/০১/২০২৭ইং তারিখে)। এ সকল আবেদনকারীকে যোগ্যতা যাচাইয়ের জন্য বাউবি কর্তৃক নির্ধারিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এজন্য ভর্তির প্রাথমিক আবেদন ফরম ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে। ভর্তি পরীক্ষার বিষয়, মানবন্টন, তারিখ ও পরীক্ষা কেন্দ্র এবং প্রক্রিয়ার বিস্তারিত তথ্য বাউবি'র ওয়েবসাইট, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্টাডি সেন্টার থেকে পাওয়া যাবে।

প্রয়োজনীয় কাগজপত্র

- ২ কপি ছবি।
- জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় পাস/উর্ত্তীণের সনদ।
- জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

ভর্তি ও অন্যান্য ফি

অনলাইন আবেদন ফি	১৫০
রেজিস্ট্রেশন ফি	১৫০
কোর্স ফি (প্রতি কোর্স ৫২৫/-)	৩,৬৭৫
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক) ব্যবহারিক ফি	১০০
একাডেমিক ক্যালেন্ডার ফি	৫০
ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি	২০০
পরীক্ষা ফি (প্রতি কোর্স ৫০/-)	৩৫০
প্রথম বর্ষ নম্বরপত্র ফি	৭০
মোট ভর্তি ফি (ন্যূনতম)	৪,৭৪৫

[বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের ব্যবহারিক কোর্সের জন্য কোর্স প্রতি অতিরিক্ত ২০০ টাকা জমা দিতে হবে।]

- তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীগণ কোর্স ফি'র শতকরা ৬০ ভাগ ছাড় পাবেন।

বি. দ্র. এই প্রোগ্রামে ভর্তিচ্ছু সকল আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম এবং জন্ম তারিখ জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্মনিবন্ধন অনুযায়ী হতে হবে। ২০০৯ সালের পূর্বে বা জেএসসি/জেডিসি পরবর্তী সময়ে অষ্টম শ্রেণি/সমমানের পাসের সময় আবেদনকারীর বয়স অবশ্যই ন্যূনতম ১৪ বছর থাকতে হবে। এটি একটি অনাবাসিক প্রোগ্রাম।

ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলি ও সংযুক্ত কাগজপত্র অসত্য প্রমাণিত হলে যে কোনো সময় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া

- যে কোনো ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Admission Tab এর অধীনে Open School- এ ক্লিক করে এসএসসি প্রোগ্রামের পাশে প্রদর্শিত View Circular বাটনে ক্লিক করে ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পড়ে Apply Now বাটনে ক্লিক করতে হবে। অতঃপর General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে।

- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ছবি (300×300pixel, JPG Format) এবং স্ক্যান করা স্বাক্ষর (300×100pixel, JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করতে হবে।

- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করা শেষে Finish বাটনে ক্লিক করে প্রদর্শিত কোর্সসমূহ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, 'যেসব শিক্ষার্থীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/-সরকার স্বীকৃত সমমানের সনদপত্র নেই তাদেরকে "Upto class 8/JSC or equivalent without certificate" অপশন নির্বাচন করতে হবে। এক্ষেত্রে পরবর্তী ধাপে তাদের জন্য ভর্তির প্রাথমিক আবেদন ফরম ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা প্রদান করতে হবে। এসব আবেদনকারীকে বাউবি কর্তৃক যোগ্যতা যাচাইয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী ধাপ অনুসরণ করতে হবে'। সঠিকভাবে ফরম পূরণ শেষে শিক্ষার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে এবং প্রদত্ত ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।

- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway/System সমূহ থেকে যে কোনো একটির মাধ্যমে ফি জমা দিতে হবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।

- Online-এ ভর্তির আবেদন সম্পন্ন করার পর শিক্ষার্থীর Temporary User ID ও Password ব্যবহার করে OSAPS এ Login করে Print Profile বাটনে ক্লিক করে প্রদর্শিত আবেদনপত্রটি এবং Payment History থেকে Action মেনুর Print অপশনে ক্লিক করে Payment Slip-টি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত আবেদনপত্র ও Payment Slip এর সাথে ২ কপি ছবি, জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের সনদ, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি ১০ (দশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে জমা প্রদান করতে হবে। শিক্ষার্থীর সকল তথ্য যাচাই-বাছাই পূর্বক বাউবি'র ভর্তি কর্মকর্তা শিক্ষার্থীর ID Genarate করবেন, যা SMS ও ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।

- Online ভর্তি সংক্রান্ত যে কোনো সমস্যার জন্য ভর্তির তারিখ থেকে পরবর্তী ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে OSAPS Help-line (০১৬১৮৯৭৭২৩৭ ও ০১৯০৭৪৫১৬১২ অফিস চলাকালীন সময় সকাল ৮:৩০ হতে বিকাল ৩:৩০ পর্যন্ত), ইমেইল (help.osaps@bou.ac.bd) অথবা বাউবি'র সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে যোগাযোগ করতে হবে।

S. Sultana

ড. সাদিয়া আফরোজ সুলতানা
অধ্যাপক (পদার্থবিজ্ঞান) ও
সভাপতি
ভর্তি কমিটি, এসএসসি প্রোগ্রাম
ওপেন স্কুল, বাউবি।

অনলাইনে ভর্তির জন্য
কিউআর কোডটি স্ক্যান করুন।

অথবা
সরাসরি অনলাইন ভর্তির জন্য:
osapsnew.bou.ac.bd

বিস্তারিত জানতে:
www.bou.ac.bd